দামুড়হুদায় পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনে উপজেলা কৃষি অফিসার

দামুড়হুদা উপজেলায় পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনীর ১শত ২১ জন কৃষকের মাঝে গাছের চারা ও বিভিন্ন সবজির বীজ বিতরণ করলেন উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার।

আজ মঙ্গলবার বেলা ১০ টার দিকে উপজেলা কৃষি বিভাগের উদ্যেগে উপজেলা চত্তরে এ বিতরণ করা হয়।

জানাযায়, বসতবাড়ির আঙ্গিনায় পড়ে থাকা এক টুকরা জমিতে গড়ে তুলুন পারিবারিক পুষ্টি বাগান। কৃষিতে এক নতুন দিগন্ত এনেছে পারিবারিক পুষ্টি বাগান। এতে একদিকে পুষ্টির চাহিদা মিটছে, অন্যদিকে বাড়তি ফসল বিক্রি করে আয়ও হচ্ছে। দামুড়হুদা উপজেলায় বাহুবলে কৃষি জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত ও পরিবারের নিরাপদ খাদ্যের চাহিদা পূরণে গড়ে তোলা হবে এ সবজি বাগান। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলায় ১ শত ২১জন কৃষকের মধ্যে লাল শাক,পুইশাক,কলমি শাক,লাউবীজ,ভেন্ডির বীজ,রববটির বীজ,মিষ্টি কুমড়ার বীজসহ ১৭ প্রজাতির বীজ,জৈব সার,নেট,দড়ি বীজ রাখার ঢম,আম রুপালির চারা,পেয়ারার চারা,কুলের চারা,কমলার চারা, পাতি লেবুর চারা পেঁপের চারা দেওয়া হয়।

এ সময় উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার বলেন, আপনার বাড়ির আঙ্গিনা যেন কোন জমি পড়ে না থাকে সেদিকে লক্ষ্য রেখে সরকার আপনাদের প্রণোদনা দিয়েছেন। সেটা আপনারা যথাযত ব্যবহার করবেন।এক দিকে যেমন বিষ মুক্ত পুষ্টি সবজি পাবেন।পাশাপাশি বাজারে বিক্রি করে সংসারের সহযোগিতা করতে পারবেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার অভিজিৎ কুমার বিশ্বাস, উপজেলার উপসহকারী কৃষি অফিসার বৃন্দ।